

এ গ্রন্থ লেখার কালে মোকর্দমা ছিল।  
 টাকা জন্য বাড়ী যাবে তারকে জানাল।  
 তারক বলিল 'ধর এই টাকা লও।  
 ফিরায়ে নিব না টাকা অদ্য হেথা রও।'  
 গুনিয়া যাদব আধোবদনে রহিল।  
 বাক্য নাহি অশ্রুজলে ভাসিতে লাগিল।  
 অর্থ দিবে এই ভয়ে লুকাইয়া গেল।  
 যাদব মল্লিক গিয়া খুঁজিয়া ধরিল।  
 বলে 'এই ভাগবত করিব লিখন।  
 কর্তা মোরে অর্থ সাধে কিসের কারণ।  
 স্নান না করিব আমি জল না খাইব।  
 অনাহারে আমি ছার জীবন ত্যজিব।'  
 তারক যাদবে পরে বহু বুঝাইল।  
 নিবৃত্তি হইল কিন্তু মনে দুঃখ র'ল।  
 এই প্রেমে মাতিয়াছে মত্ত মাতোয়াল।  
 দীনজনে দয়া করে পরম দয়াল।  
 আরো কতজন মাতে আইচপাড়ায়।  
 মাতোয়ারা রাজেন্দ্র আইচ মহাশয়।  
 মহামান্য যুধিষ্ঠির বিশ্বাস সুজন।  
 তস্যপুত্র রজনী বিশ্বাস মত্ত হন।  
 রাজেন্দ্র চিকিৎসা করে অর্থ নাহি লয়।  
 এবে কিছু কিছু লয় তারক আঞ্জায়।  
 মাতিল শ্রীদেবীচাঁদ মন্ডল উপাধি।  
 নামে মত্ত গুরুচাঁদ দেখে ওড়াকান্দী।  
 মচন্দপুর থাম ফরিদপুর জিলা।  
 ধন ত্যজে নাম নিয়ে হইল উতলা।  
 গুরুচাঁদে চক্ষে হেরি শ্রীদেবীচরণ।  
 করিলেন রাজাপদে আত্মসমর্পণ।  
 বিপুল সম্পত্তি দাবী করিলেন ত্যাগ।  
 দীন দশা হইল না নিল রাজ্যভাগ।  
 বানিয়ারী থামে গিয়া করিলেন বাস।  
 তিন পুত্র ল'য়ে হরি প্রেমেতে উল্লাস।

ওড়াকান্দী নামধর্ম করেন প্রচার।  
 এক বস্ত্র পরিধান শীত গ্রীষ্ম তাঁর।  
 মলিন বসন পরা নামধর্ম সার।  
 দেশে দেশে হরিনাম করেন প্রচার।  
 টুঙ্গীপাড়া কেনুভাঙ্গা প্রতি ঘরে ঘরে।  
 গোস্বামীজী দিবারাত্রি হরিনাম করে।  
 সামন্তগাঁতী কৃষ্ণনগর কলাতলা।  
 দেশে দেশে ক্রমে হল সবে হরিবোলা।  
 কেনুভাঙ্গা থামে শ্রীবিপিনচাঁদ নাম।  
 টুঙ্গীপাড়া থামেতে বালা শ্রীতপস্বীরাম।  
 দেবীচাঁদে গুরু বলি প্রেমে মত্ত হ'ল।  
 গুরুচাঁদ রূপ দেখি পাগল হইল।  
 একদিন গুরুচাঁদ দেবীচাঁদে কয়।  
 "শুন দেবীচাঁদ মনোগত অভিপ্রায়।  
 আমার বাবার নাম প্রচার কারণে।  
 যাও চলি দক্ষিণেতে 'বাদা' সন্নিধানে।  
 সেইদেশে আছে লোক জানিও নিশ্চয়।  
 তুমি গেলে সেই ভিতে মম শান্তি হয়।"  
 "যে আঞ্জা করেন প্রভু দেবীচাঁদ কয়।  
 বাড়ী এসে গণেশেরে ডাক দিয়া লয়।  
 রাজনগর বাসী গণেশচন্দ্র নাম।  
 দেবীচাঁদের ভক্ত সরল গুণধাম।  
 গণেশেরে ডেকে বলে দেবীচাঁদ সাঁই।  
 'ঠাকুরের আঞ্জা গণেশ বলি তব ঠাই।  
 বাদাঞ্চলে আছে নাকি ঠাকুরের লোক।  
 সে লোকে আনিতে নাকি আমি যে পারক।  
 অগ্রে তুমি গিয়ে দেখ সে লোক কোথায়।  
 পরে আমি যাব সেথা গুরুর দয়ায়।  
 হরিচাঁদ নাম গান করিবে সদায়।  
 লক্ষ্য রেখ কোন জন কিবা কথা কয়।'  
 আঞ্জা পেয়ে সে গণেশ চলিল দক্ষিণে।  
 খুলনা জিলায় ঘুরে লোকের সন্ধানে।